

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩. ২৭২


তারিখঃ ২৩/০৮/২০২০খ্রিঃ

বিষয়ঃ ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম সম্পন্নকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির নীতি নির্ধারণী কমিটির ২১/০৭/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ নিরীক্ষা টিম গঠনের নির্দেশনা জারী করা হয়েছে। সে আলোকে অভ্যন্তরীণ নিরীক্ষা টিম গঠন করে আগামী ০৫/১০/২০২০খ্রিঃ তারিখের মধ্যে সংযুক্ত বিষয়াদী যাচাইপূর্বক ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম সম্পন্নকরণতঃ ১৫/১০/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, উপপরিচালক তাঁর আওতাধীন সকল উপজেলার নিরীক্ষাকার্য তদারকি বাবদ ৩০০০.০০ টাকা সম্মানীভাতা পাবেন এবং নিরীক্ষা টীমে অন্তর্ভুক্ত সদস্যগণের সম্মানীভাতা ও অন্যান্য ব্যয় বাবদ উপজেলা প্রতি বাজেট বরাদ্দ নিম্নরূপঃ

ক্র.নং	খাতের নাম	টাকার পরিমাণ
০১	সম্মানী ভাতাঃ ১.টিম লিডার ২.সদস্য	২০০০.০০ ১০০০.০০
০২	আপ্যায়ন	১০০০.০০
০৩	বিবিধ	৫০০.০০

০২। আরও উল্লেখ্য যে, সম্মানীভাতা ও অন্যান্য ব্যয়ের বাজেট বাবদ সমুদয় অর্থ কর্মসূচির সদর দপ্তর হতে জেলার উপপরিচালকের দপ্তরে প্রদান করা হবে। তন্মধ্যে জেলার উপপরিচালক কর্তৃক শুধুমাত্র আপ্যায়ন ও বিবিধ ব্যয় খাতের অর্থ উপজেলা দপ্তরের মাধ্যমে ব্যয়ের জন্য উপজেলায় প্রেরণ করবেন এবং অবশিষ্ট সম্মানী ভাতার অর্থ জেলা দপ্তর কর্তৃক প্রদানযোগ্য হবে। সকল প্রকার ব্যয়ের ক্ষেত্রে সরকারী বিধি বিধান অনুসরণ করতে হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপপরিচালক

বিআরডিবি, জেলাঃ --- (কর্মসূচির সকল জেলা)।

স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.

তারিখঃ ২৩/০৮/২০২০খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক(প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ----(কর্মসূচির সকল উপজেলা)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----(কর্মসূচির সকল উপজেলা)।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।

নাসিমা আখতার
উপ-প্রকল্প পরিচালক

সংযুক্তি :

নিরীক্ষাকালে যে সকল বিষয়াদি যাচাইপূর্বক নিরীক্ষাকার্য সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করবেনঃ

ক. আর্থিক বিষয়াদিঃ

১. অর্থ বছরের স্থিতিপত্র ।
২. অর্থ বছরের লাভ-ক্ষতির হিসাব ।
৩. অর্থ বছরের ক্রয়-বিক্রয় হিসাব ।
৪. অর্থ বছরের জমা-খরচ হিসাব ।
৫. অর্থ বছরে আদায়কৃত সেবামূল্যের বিভাজন এবং বিভাজনকৃত অর্থ হতে সার্কুলার অনুযায়ী ব্যয় নির্বাহ হিসাব ।
৬. অর্থ বছরের শেষ তারিখে সমিতিওয়ারী সঞ্চয় ও কর্জের ডিটেইল লিষ্ট ।
৭. অর্থ বছরের শেষ তারিখে স্থায়ী আমানতের হিসাব ।
৮. অর্থ বছরের শেষ তারিখে বিক্রয়যোগ্য মালামালের হিসাব(যদি থাকে) ।
৯. অর্থ বছরের শেষ তারিখে আসবাবপত্র ও অন্যান্য স্বাবর সম্পদের হিসাব ।
১০. অর্থ বছরের বাজেট ভেরিয়েন্স ।
১১. আর্থিক অন্যান্য বিষয়াদি(যদি থাকে)।
- খ. আর্থিক অনিয়মের বিষয়ে সুনির্দিষ্ট মতামত থাকতে হবে;
- গ. নীতিমালা অনুযায়ী ঋণ বিতরণ হয়েছে কিনা এবং এ সংক্রান্ত রেকর্ডপত্র যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মন্তব্য থাকতে হবে;
- ঘ. সাধারণ খতিয়ানসহ অন্যান্য সহ-খতিয়ান যথাযথভাবে সংরক্ষণ সংক্রান্ত মন্তব্য;
- ঙ. কর্মকর্তা-কর্মচারীভিত্তিক পারফরমেন্স মূল্যায়ন রিপোর্ট(লক্ষমাত্রার বিপরীতে অর্জন ও শৃঙ্খলার বিধির আলোকে);
- চ. উপজেলা দপ্তরের সার্বিক অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত মতামত থাকতে হবে ।



23.08.20

আল-আমিন
সহকারী পরিচালক (উন্নয়ন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

নাসিমা আখতার
20/08/2020

নাসিমা আখতার
উপ-প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা